



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



## প্রেস রিলিজ

তারিখঃ ০৩ জুন ২০২২

### শিক্ষার্থীদের দক্ষ জনশক্তি হিসেবে তৈরি হতে হবে- উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

ভিশন ২০৪১ বাস্তবায়ন এবং বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে শিক্ষার্থীদের দক্ষ জনশক্তি হিসেবে গড়ে ওঠার আহ্বান জানান বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড সৈয়দ হুমায়ুন আখতার। বাউবি'র ঢাকা আঞ্চলিক কেন্দ্রে অনুষ্ঠিত স্কুল অব বিজনেস পরিচালিত কমনওয়েলথ এক্সিকিউটিভ এমবিএ/এমপিএ প্রোগ্রামের ১৯২ সেমিস্টারের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশনে আজ ০৩ জুন ২০২২ শুক্রবার প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য এ কথা বলেন। ড. সৈয়দ হুমায়ুন আখতার দূরশিক্ষণে এবং কমনওয়েলথ এক্সিকিউটিভ এমবিএ/এমপিএ প্রোগ্রামে নারী শিক্ষার্থীদের অধিক অংশগ্রহণের আশাবাদ ব্যক্ত করেন।



কমনওয়েলথ এক্সিকিউটিভ এমবিএ/এমপিএ প্রোগ্রামের ১৯২ সেমিস্টারের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশনে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

বাউবি'র ট্রেজারার এবং স্কুল অব স্কুল বিজনেস এর ডিন অধ্যাপক মোস্তফা আজাদ কামালের সভাপতিত্বে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন প্রোগ্রামে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু এবং প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন স্কুল অব বিজনেস সহযোগী অধ্যাপক ও একই প্রোগ্রামের কো-অর্ডিনেটর ড. জহির রায়হান। ওরিয়েন্টেশন প্রোগ্রামে ৭০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪

D/Doc/Press Release 25-11-2021/Press Release Bangla